



## মাঠ সংযুক্তি প্রশিক্ষণ বাস্তবায়ন নির্দেশিকা (Field attachment training)

(ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন লাইভস্টক এবং ডিপ্লোমা ইন ফরেন্স্ট্রি শিক্ষাক্রম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)

জুলাই ২০২৫ খ্রিঃ

## ১. ভূমিকা (Introduction)

কৃষি (ফসল), মৎস্য, প্রাণিসম্পদ ও বন দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখে। সেক্টর হিসাবে প্রতিটি সেক্টরই আলাদা বৈশিষ্ট্যের অধিকারী। এসব সেক্টরের চাহিদা মেটাতে ডিপ্লোমা পর্যায়ে শিক্ষার্থীদের দক্ষ ও শ্রমবাজার উপযোগী করার জন্য মাঠ সংযুক্তি প্রশিক্ষণ (Field attachment training) অত্যন্ত জরুরী। এর মাধ্যমে শিক্ষার্থীরা মাঠ পর্যায়ে বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ পায়, যা তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধি করে এবং প্রতিযোগিতামূলক শ্রমবাজারে উপযোগী করে গড়ে তোলে।

এই নির্দেশিকা মাঠ সংযুক্তি প্রশিক্ষণ (Field attachment training) কার্যক্রম কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন লাইভস্টক ও ডিপ্লোমা ইন ফরেস্ট্রি প্রতিষ্ঠানসমূহ, শিক্ষার্থী, সংযুক্তিকৃত দপ্তরের/ প্রতিষ্ঠানের এবং প্রশাসনিক মন্ত্রণালয়/ দপ্তরের জন্য একটি কাঠামোগত দিক নির্দেশনা প্রদান করবে। যা মাঠ সংযুক্তি প্রশিক্ষণ (Field attachment training) পরিকল্পনা, বাস্তবায়ন, পর্যবেক্ষণ ও মূল্যায়নের জন্য একটি সুস্পষ্ট নির্দেশনা হিসেবে কাজ করবে। যার ফলে শিক্ষার্থীরা দেশের চাহিদা অনুযায়ী দক্ষতা অর্জন করে সফল ক্যারিয়ার গড়ে সক্ষম হবে ও বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থায় মাঠ পর্যায়ের দক্ষ জনবল হিসাবে নিয়োজিত হওয়ার সুযোগ সৃষ্টি হবে।

## ২. লক্ষ্য (Goal)

মাঠ সংযুক্তি প্রশিক্ষণের (Field attachment training) মাধ্যমে শিক্ষার্থীদের জ্ঞান বাস্তবভিত্তিক প্রয়োগের উপযুক্ত করে গড়ে তোলা, যাতে শিক্ষার্থীরা কর্মদক্ষতা অর্জন করে আত্মবিশ্বাসের (self confidence) সাথে কর্মজীবনে প্রবেশ করতে পারে।

## ৩. উদ্দেশ্য (Objectives)

- ৩.১ শিক্ষার্থীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;
- ৩.২ শিক্ষার্থীদের বাস্তব কর্মসংস্থানের জন্য প্রস্তুত করা;
- ৩.৩ কর্মক্ষেত্র ও প্রাতিষ্ঠানিক শিক্ষার মধ্যে কার্যকর সংযোগ স্থাপন;
- ৩.৪ প্রশিক্ষণের গুণগতমান নিশ্চিত করতে নিয়মিত মূল্যায়ন পদ্ধতি গড়ে তোলা;
- ৩.৫ বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
- ৩.৬ আত্মকর্মসংস্থানের সুযোগ তৈরি করা;
- ৩.৭ পেশাগত কাজে প্রথম কার্যদিবসে ন্যূনতম মানদণ্ড অনুযায়ী সক্ষমতা/ পারদর্শিতা (Day one competency) সৃষ্টি করা;
- ৩.৮ শিক্ষার্থীদের মাঝে সেবা প্রদানের মনোভাব তৈরি করা।

## ৪. শিখন ফল (Learning Outcome)

- ৪.১. মাঠ পর্যায়ে কাজ করার যোগ্যতা অর্জন করবে;
- ৪.২. পরিবর্তিত ও নবতর প্রযুক্তির উপর দক্ষতা অর্জিত হবে;

- ৪.৩. যন্ত্রপাতি অপারেশন, হ্যান্ডলিং, ওভারহোলিং করতে পারবে;
- ৪.৪. দপ্তর ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ ও রেকর্ড কিপিং কাজে দক্ষতা অর্জন করবে;
- ৪.৫. জরিপ, অতন্দ্র জরিপ কার্যকলাপ সম্পর্কে দক্ষতা অর্জন করবে;
- ৪.৬. পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সচেতনতা সম্পর্কে দক্ষতা অর্জন করবে;
- ৪.৭. শিক্ষা প্রতিষ্ঠানের অর্জিত জ্ঞান-দক্ষতা ও মাঠ পর্যায়ের অর্জিত জ্ঞান-দক্ষতার মধ্যে সমন্বয় সাধন করতে পারবে;
- ৪.৮. কাজের প্রতি ইতিবাচক মনোভাব ও তাতে উদ্ভুদ্ধকরণে সহায়ক হবে;
- ৪.৯. হাতে কলমে কাজ করার যোগ্যতা অর্জন করবে;
- ৪.১০. সেবা প্রত্যাশী ও সেবা প্রদানকারির সাথে যোগাযোগ স্থাপনের যোগ্যতা অর্জন করবে;
- ৪.১১. বিভিন্ন সমস্যা শনাক্তকরণ ও সমাধানের সক্ষমতা অর্জন করবে;
- ৪.১২. দলবদ্ধভাবে কাজ করার ও পেশাগত আচরণে উৎকর্ষতা অর্জন করবে;
- ৪.১৩. বিভিন্ন শ্রেণি/ দলের সাথে কাজ করার দক্ষতা অর্জন করবে;

#### ৫ ফিল্ড এটাচমেন্ট ট্রেনিং-এর নিয়মাবলী ও নম্বরবন্টন (Rules and Mark Distribution of Field Attachment Training)

- ৫.১ ৮ম পর্বে ১৬ (ষোল) সপ্তাহের ফিল্ড এটাচমেন্ট ট্রেনিং এর ১২ (বার) সপ্তাহ সংশ্লিষ্ট মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট সংযুক্তি প্রতিষ্ঠানে বোর্ড কর্তৃক প্রণীত নীতিমালা/ নির্দেশিকা অনুযায়ী সম্পন্ন করতে হবে এবং ৪ (চার) সপ্তাহ সংশ্লিষ্ট ইনস্টিটিউটে সম্পন্ন করতে হবে;
- ৫.২ সংশ্লিষ্ট সংযুক্তি প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত প্রশিক্ষক এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটের অধ্যক্ষ কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিভাগীয় শিক্ষক যৌথভাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ১২ (বার) সপ্তাহব্যাপী ট্রেনিং কার্যক্রম পরিচালনা, তদারকি ও মূল্যায়ন করবেন;
- ৫.২ ইনস্টিটিউটের ০৪ (চার) সপ্তাহ ট্রেনিং এ সংশ্লিষ্ট শিক্ষক কর্তৃক নির্ধারিত প্রজেক্ট প্রস্তুত করতে হবে।
- ৫.৪ সংশ্লিষ্ট সংযুক্তি প্রতিষ্ঠানে ফিল্ড এটাচমেন্ট ট্রেনিং এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ০৪ (চার) সপ্তাহসহ মোট ১৬ (ষোল) সপ্তাহের কার্যক্রমের উপর প্রতিবেদন ও উপস্থাপনা তৈরি করে শিক্ষার্থীদের ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষার সময় মূল্যায়নের জন্য পরীক্ষকদের সামনে উপস্থাপন করতে হবে;
- ৫.৫ বোর্ড কর্তৃক নিযুক্ত অনাভ্যন্তরীণ পরীক্ষক সংশ্লিষ্ট ইনস্টিটিউটের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক যৌথভাবে ফিল্ড এটাচমেন্ট ট্রেনিং এর ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষা এবং গ্রাজুয়েশন প্রজেক্ট মূল্যায়ন করবেন এবং মূল্যায়নকৃত নম্বর বোর্ড নির্ধারিত নম্বরপত্রে লিপিবদ্ধ করে যৌথ স্বাক্ষরে বোর্ড নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের বরাবর প্রেরণ করতে হবে;
- ৫.৬ কোন শিক্ষার্থীর হাজিরা ৮০% এর কম থাকলে ফিল্ড এটাচমেন্ট ট্রেনিং-এ অনুত্তীর্ণ ঘোষণা করা হবে;

- ৫.৭ ফিল্ড এটাচমেন্ট ট্রেনিং ১২ (বার) ক্রেডিট এর একটি ব্যবহারিক বিষয় হিসেবে বিবেচিত হবে, যার মোট নম্বর হবে ৬০০ (ছয়শত)। উক্ত মোট নম্বরের ব্যবহারিক ধারাবাহিকে ৫০% এবং ব্যবহারিক পর্ব সমাপনীতে ৫০% নম্বর নির্ধারিত থাকবে। সংশ্লিষ্ট সংযুক্তি প্রতিষ্ঠানে ট্রেনিং এর ব্যবহারিক ধারাবাহিক এবং ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম C+ গ্রেড বা শতকরা ৫০ নম্বর পেয়ে উত্তীর্ণ হতে হবে;
- ৫.৮ মাঠ সংযুক্তি প্রশিক্ষণের ব্যবহারিক ধারাবাহিক নম্বরের ৫০% অর্থাৎ ৩০০ (তিনশত) নম্বরের বিভাজন নিম্নে প্রদান করা হলো;

দৈনন্দিন কাজ/জব	১৫০
হাজিরা	৯০
দৈনন্দিন কাজের রেকর্ড সংরক্ষণ (লগ বই/ প্রতিবেদন)	৬০
মোট	৩০০
[ হাজিরাঃ ৯০% বা এর উপর (আনুপাতিক হারে) = ৭০-৯০, ৮০-৮৯% (আনুপাতিক হারে) = ৫০-৬৯]	

- ৫.৯ মাঠ সংযুক্তি প্রশিক্ষণের ব্যবহারিক সমাপনী পরীক্ষার নম্বরের ৫০% অর্থাৎ ৩০০ নম্বরের বিভাজন নিম্নে প্রদান করা হলো:

প্রতিবেদন প্রস্তুত ও উপস্থাপন	৫০
প্রতিবেদন মূল্যায়ন	১০০
গ্রাজুয়েশন প্রজেক্ট প্রস্তুত ও উপস্থাপন	৭৫
গ্রাজুয়েশন প্রজেক্ট মূল্যায়ন	৭৫
মোট	৩০০

## ৬. সংযুক্তি প্রতিষ্ঠানসমূহ (Attachment institutes)

সেক্টরের চাহিদা, শিক্ষার্থীর পছন্দ, কর্মসংস্থানের সুযোগ ও প্রশিক্ষণ সুবিধা ইত্যাদি বিষয় বিবেচনা করে সংযুক্তি প্রতিষ্ঠানসমূহ নির্বাচন করতে হবে। এ ক্ষেত্রে নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলো প্রাধান্য দেওয়া যেতে পারে।

### ৬.১ ডিপ্লোমা ইন এগ্রিকালচার এর ক্ষেত্রে

- ❖ উপজেলা কৃষি অফিস/ সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান/ হার্টিকালচার সেন্টার/ কৃষিভিত্তিক শিল্প ও প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠান (সরকারী ও বেসরকারি)।

### ৬.২ ডিপ্লোমা ইন ফিসারিজ এর ক্ষেত্রে

- ❖ উপজেলা মৎস্য অফিস/ সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান/ মৎস্য খামার/ মৎস্য হ্যাচারি/ মৎস্য শিল্প ও প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠান (সরকারী ও বেসরকারি)।

### ৬.৩ ডিপ্লোমা ইন লাইভস্টক এর ক্ষেত্রে

- ❖ জেলা/ উপজেলা প্রাণিসম্পদ অফিস/ সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান/ গবাদি পশু ও হাঁস-মুরগির খামার/ বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল/ চিড়িয়াখানা/ কৃত্তিম প্রজনন কেন্দ্র/ ভেটেরিনারি হাসপাতাল/ প্রাণিসম্পদ ও কৃষিভিত্তিক শিল্প প্রতিষ্ঠান (সরকারী ও বেসরকারি)।

### ৬.৪ ডিপ্লোমা ইন ফরেস্ট্রি এর ক্ষেত্রে

- ❖ বনবিভাগের সংশ্লিষ্ট অফিস/ সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান/ বন ভিত্তিক শিল্প ও প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠান (সরকারী ও বেসরকারি)।

## ৭. সংযুক্তিকৃত দপ্তরের/ প্রতিষ্ঠানের দায়িত্ব (Role of Field Attachment Institutions)

- ৭.১. প্রশিক্ষণকালীন উপযুক্ত কাজের পরিবেশ নিশ্চিত করা। শিক্ষার্থীদের বাস্তব কাজের পরিবেশে প্রশিক্ষণ দেওয়া এবং বিভিন্ন সেবা/ প্রযুক্তি/ প্রকল্প বা উৎপাদন প্রক্রিয়ায় শিক্ষার্থীকে সম্পৃক্ত করা;
- ৭.২. সংশ্লিষ্ট কারিকুলাম অনুযায়ী শিক্ষার্থীদের জন্য একটি কাঠামোবদ্ধ প্রশিক্ষণ পরিকল্পনা তৈরি করা;
- ৭.৩. মাঠ সংযুক্তি প্রশিক্ষণে নিয়োজিত শিক্ষার্থীদের কার্যক্রম পরিচালনা, তদারকি এবং প্রশিক্ষণ মান নিশ্চিত করার লক্ষ্যে পেশা ভিত্তিক সার্বজনিক প্রশিক্ষক ও সুপারভাইজার নিয়োগ করা;
- ৭.৪. নির্ধারিত দক্ষতার মানদণ্ডের ভিত্তিতে শিক্ষার্থীদের কার্যক্রম পর্যবেক্ষণ ও ফিডব্যাক প্রদান;
- ৭.৫. শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা;
- ৭.৬. শিক্ষার্থীদের কর্মদক্ষতা উন্নয়নের জন্য নিয়মিত কাউন্সিলিং ও পরামর্শ প্রদান;
- ৭.৭. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখা এবং প্রশিক্ষণের অগ্রগতি নিয়ে আলোচনা করা;
- ৭.৮. প্রতি ০৪ সপ্তাহ পরপর শিক্ষা প্রতিষ্ঠানের কাছে শিক্ষার্থীদের অগ্রগতির রিপোর্ট পাঠানো;
- ৭.৯. শিক্ষার্থীদের বিভিন্ন প্রতিষ্ঠানে প্রয়োজনে উপ-সংযুক্তি প্রদান করা ও প্রশিক্ষণ সমন্বয় করা;
- ৭.১০. প্রযোজ্য ক্ষেত্রে সাপ্তাহিক প্রশিক্ষণ দিবসে/ মাঠ দিবসে/ মেলা/ অন্যান্য দিবস ও ক্যাম্পসমূহে প্রশিক্ষণার্থীদের অংশ গ্রহণের সুযোগ দেওয়া;
- ৭.১১. প্রশিক্ষণার্থীদের নতুন প্রযুক্তি সম্পর্কে অবহিতকরণের জন্য বিশেষ সেশন পরিচালনা করা;
- ৭.১২. শিক্ষার্থীর হাজিরা দৈনিক স্বাক্ষর করার ব্যবস্থা করা;
- ৭.১৩. নির্ধারিত ছক মোতাবেক সংযুক্তির মেয়াদ শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে যৌথ মূল্যায়ণ প্রতিবেদন গোপনীয়তা রক্ষা করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা;

## ৮. শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা (Role of Institute)

- ৮.১. শিক্ষার্থীদের প্রশিক্ষণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যমান কারিকুলাম ভিত্তিক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তালিকা তৈরি করা;
- ৮.২. প্রশিক্ষণ শুরুর পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তালিকা বোর্ডের কারিকুলাম বিভাগে প্রেরণ করা;
- ৮.৩. শিক্ষার্থী সংযুক্তিকৃত প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ ও সমন্বয় করা;

- ৮.৪. প্রযোজ্য ক্ষেত্রে মাঠ সংযুক্তি প্রশিক্ষণের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সমঝোতা চুক্তি করা;
- ৮.৫. শিক্ষার্থীদের মাঠ প্রশিক্ষণের জন্য প্রস্তুত করা;
- ৮.৬. চাহিদা অনুযায়ী শিক্ষার্থীদের পেশাগত দক্ষতা ও আচরনগত প্রস্তুতির বিষয়ে শিক্ষার্থীগণকে অবহিত করা;
- ৮.৭. নির্দেশিকা অনুযায়ী প্রশিক্ষণের পরিকল্পনা করা এবং শিক্ষার্থীদের মনোনীত করা ও তাদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;
- ৮.৮. মাঠ প্রশিক্ষণে সংযুক্ত শিক্ষার্থীদের প্রশিক্ষণ অগ্রগতি সরেজমিনে মনিটরিং করার জন্য প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের দায়িত্ব বন্টন করা;
- ৮.৯. সংযুক্তির সময় শিক্ষার্থীদের যে কোনো সমস্যা সমাধানে সহযোগিতা করা;
- ৮.১০. প্রোজেক্ট তৈরি ও পাওয়ার পয়েন্টে উপস্থাপন করার জন্য বিষয়বস্তু নির্ধারণ করা;
- ৮.১১. সংযুক্তিকৃত প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের মতামত সংগ্রহ করে প্রশিক্ষণের মান উন্নয়ন করা;
- ৮.১২. সংযুক্তিকৃত প্রতিষ্ঠানে ও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের দক্ষতা মূল্যায়নের জন্য মানদণ্ড যথাযথ অনুসরণ করা;
- ৮.১৩. মাঠ সংযুক্তি প্রশিক্ষণের শুরুতে ও শেষে প্রশিক্ষণার্থী ও সংশ্লিষ্ট সংযুক্ত প্রতিষ্ঠান কর্মকর্তাদেরকে নিয়ে মতবিনিময় অনুষ্ঠান করা;
- ৮.১৪. প্রবিধান অনুযায়ী প্রতিষ্ঠানের মাঠ সংযুক্তি প্রশিক্ষণ (Field attachment training) এর প্রতিষ্ঠান অংশ পরিচালনা করা;
- ৮.১৫. শিক্ষার্থীর হাজিরা দৈনিক স্বাক্ষর করার ব্যবস্থা করা;
- ৮.১৬. সংযুক্তিকৃত প্রতিষ্ঠানের সাথে যৌথ মূল্যায়ন নিশ্চিত করা;
- ৮.১৭. প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষার্থীদের বিভিন্ন প্রতিষ্ঠানে প্রয়োজনে উপ-সংযুক্তি প্রদান করা ও প্রশিক্ষণ সমন্বয় করা;
- ৮.১৮. সংযুক্তি প্রদানের এক সপ্তাহের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরিচালক (কারিকুলাম) ও সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/ অধিদপ্তরের বরাবর সংযুক্তি প্রদানের বিবরণ প্রেরণ করা;
- ৮.১৯. মাঠ সংযুক্তি প্রশিক্ষণ নির্দেশিকা ও সিলেবাস সংযুক্তিকৃত প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীদের অবহিতকরা।

## ৯. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ভূমিকা (Role of BTEB)

- ৯.১. প্রশিক্ষণের কারিকুলাম তৈরি ও বাস্তবায়ন নির্দেশনা প্রদান;
- ৯.২. নির্ধারিত সূচকের ভিত্তিতে প্রশিক্ষণের পর্যবেক্ষণ ও কার্যকারিতা মূল্যায়ন;
- ৯.৩. সংযুক্তিকৃত প্রতিষ্ঠান এর মতামত গ্রহণ ও তা বিশ্লেষণ করে নির্দেশনা প্রদান;
- ৯.৪. মাঠ সংযুক্তি প্রশিক্ষণে ব্যবহৃত প্রতিবেদনের ১০% সংগ্রহ পূর্বক মান যাচাই;
- ৯.৫. নিদিষ্ট মানদণ্ডের ভিত্তিতে প্রশিক্ষণের ফলাফল প্রদান;
- ৯.৬. সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় ও অধিদপ্তরের সাথে সমন্বয় করা।

## ১০. মাঠ সংযুক্তি প্রশিক্ষণের কাঠামো (Structure of Field Attachment Training)

- ১০.১. সংযুক্তিকৃত সংস্থা/প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত কর্মকর্তা যৌথভাবে ১২ সপ্তাহব্যাপী কার্যক্রম পরিচালনা ও মূল্যায়ন করবেন এবং অধ্যক্ষ/পরিচালক কর্তৃক নিয়োজিত শিক্ষক সংযুক্তি কার্যক্রম মনিটরিং করবে;
- ১০.২. প্রতিষ্ঠানের ৪ কার্যসপ্তাহের প্রশিক্ষণ সংশ্লিষ্ট কোর্স সমন্বয়ক কর্তৃক তৈরিকৃত সিডিউল অনুযায়ী অধ্যক্ষ কর্তৃক নিয়োজিত শিক্ষকদের তত্ত্বাবধানে পরিচালিত হবে;
- ১০.৩. প্রত্যেক শিক্ষার্থী মাঠ সংযুক্ত হতে লব্ধ জ্ঞান ব্যবহার করে বাস্তবসম্মত নতুন প্রকল্প তৈরি করবে।

## ১১. প্রশিক্ষার্থীর যোগ্যতা এবং তাদের করণীয় (Student's eligibility and their duties):

- ১১.১. প্রশিক্ষার্থীকে অবশ্যই ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন লাইভস্টক ও ডিপ্লোমা ইন ফরেস্ট্রি শিক্ষাক্রমের ৭ম পর্বের পরীক্ষায় অবতীর্ণ/উত্তীর্ণ ছাত্র হতে হবে;
- ১১.২. শিক্ষার্থী মাঠ সংযুক্তি প্রশিক্ষণ এর লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী যথোপযুক্ত জ্ঞান, দক্ষতা ও কর্মকুশলতা অর্জনের জন্য তার সর্বাঙ্গিক প্রচেষ্টা চালিয়ে যাবে;
- ১১.৩. মাঠ সংযুক্তি প্রশিক্ষণের অংশ হিসেবে যে দায়িত্ব প্রদান করা হবে বা জব করতে বলা হবে তা দায়িত্বশীলতার সাথে সম্পন্ন করতে হবে;
- ১১.৪. তার প্রশিক্ষণের অংশ হিসেবে প্রতিষ্ঠান কর্তৃক যে নির্দেশনা দেয়া হবে তা তাকে মেনে চলতে হবে;
- ১১.৫. প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ম কানূনের প্রতি আনুগত্য প্রদর্শন করতে হবে;
- ১১.৬. প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের যন্ত্রপাতি এবং স্থাপনাসমূহ যন্ত্রের সহিত ব্যবহার করতে হবে;
- ১১.৭. প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত কার্য-তালিকা (Working schedule) যথাযথ অনুসরণ করতে হবে;
- ১১.৮. প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের সেবা সংক্রান্ত গোপনীয়তা সম্পূর্ণভাবে বজায় রাখতে হবে অর্থাৎ এ গোপনীয়তা কোনভাবেই অন্যের নিকট প্রকাশ করতে পারবে না এবং
- ১১.৯. প্রশিক্ষণ শেষে কারিগরি এবং অন্যান্য বিষয়াদি সম্পর্কে ব্যাখ্যা ও মতামতসহ একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন নির্ধারিত ছক অনুযায়ী দাখিল করতে হবে। প্রতিবেদন ধারাবাহিকভাবে যথা সময়ে সম্পন্ন করতে হবে।

## ১২ হাজিরা (Attendance)

- ১২.১. যে প্রতিষ্ঠান/সংস্থায় শিক্ষার্থীগণকে ফিল্ড এটাচমেন্টে ট্রেনিংয়ে পাঠানো হবে সে প্রতিষ্ঠানের প্রতিটি কার্যদিবসে তাদেরকে উপস্থিত থাকতে হবে। এ ব্যাপারে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক তৈরিকৃত সময় ও কার্যতালিকা অনুসরণ করতে হবে।
- ১২.২. যদি কোন শিক্ষার্থী স্বাস্থ্যগত বা অন্য কোন গ্রহণযোগ্য কারণে একাধিক কার্যদিবসে মাঠ সংযুক্তি কার্যক্রমে অনুপস্থিত থাকে, তবে হাজিরার জন্য নির্ধারিত নম্বর থেকে অনুপাতিক হারে নম্বর কমিয়ে তার উপর নম্বর প্রদান করা হবে। তবে ৮০% এর নীচে হাজিরা থাকলে মাঠ সংযুক্তিতে অনুত্তীর্ণ ঘোষণা করা হবে।

১২.৩. যদি কোন নিয়মিত শিক্ষার্থী মাঠ সংযুক্তিতে অনুত্তীর্ণ হয় বা স্বাস্থ্যগত বা অন্য কোন গ্রহণযোগ্য কারণে মাঠ সংযুক্তিতে অংশগ্রহণে ব্যর্থ হয়, তবে সে অনিয়মিত শিক্ষার্থী হিসেবে নিজ দায়িত্বে এবং নিজ ব্যয়ে অব্যবহিত পরবর্তী সংশ্লিষ্ট মাঠ সংযুক্তি প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে পারবে।

### ১৩ মাঠ সংযুক্তিতে পাঠানো (Placement)

- ১৩.১. শিক্ষার্থীদেরকে বিভিন্ন সংস্থা বা প্রতিষ্ঠানে মাঠ সংযুক্তির জন্য পাঠানোর কাজটি সংশ্লিষ্ট ইন্সটিটিউট, সংশ্লিষ্ট অধিদপ্তরের প্রশিক্ষণ উইং ও বোর্ডের কারিকুলাম বিভাগের সহযোগিতায় সম্পন্ন করবে;
- ১৩.২. শিক্ষার্থীগণ মাঠ সংযুক্তিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে অনুমতি নিয়ে সংযুক্তিকৃত প্রতিষ্ঠানে জমা দিবে ও যোগদান করবে;
- ১৩.৩. শিক্ষার্থীদেরকে মাঠ সংযুক্তিতে পাঠানোর পূর্বে সংশ্লিষ্ট ইন্সটিটিউট কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আইন ও নিরাপত্তা বিধিমালা সম্পর্কে তাদেরকে অবহিত করতে হবে;
- ১৩.৪. যে প্রতিষ্ঠানে মাঠ সংযুক্তির জন্য শিক্ষার্থীদেরকে প্রেরণ করা হবে সে প্রতিষ্ঠানে বিশেষজ্ঞ এবং কারিগরি সুবিধাদি থাকতে হবে, যাতে ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন লাইভস্টক ও ডিপ্লোমা ইন ফরেষ্ট্রি শিক্ষাক্রমের মাঠ সংযুক্তি সংক্রান্ত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জিত হয়;
- ১৩.৫. সংযুক্তিকৃত প্রতিষ্ঠান কর্তৃক কারিগরি সুবিধাদির পর্যাপ্ত ব্যবহার নিশ্চিত করে মাঠ সংযুক্তি প্রশিক্ষণের ব্যবস্থা করে সে বিষয়ে প্রতিষ্ঠানকে অবহিত করতে হবে;
- ১৩.৬. সংশ্লিষ্ট ইন্সটিটিউটের অধ্যক্ষ/ পরিচালকগণ মাঠ সংযুক্তি শুরু হওয়ার কমপক্ষে দুই সপ্তাহ পূর্বে শিক্ষার্থীদেরকে কোন প্রতিষ্ঠানে মাঠ সংযুক্তির জন্য পাঠানো হবে তা নিশ্চিত করবেন;
- ১৩.৭. যথাসম্ভব ইন্সটিটিউটের নিকটবর্তী সংস্থা বা প্রতিষ্ঠানে মাঠ সংযুক্তির ব্যবস্থা করতে পারবে;
- ১৩.৮. শিক্ষার্থীদেরকে যে প্রতিষ্ঠানে মাঠ সংযুক্তির জন্য পাঠানো হবে তা চূড়ান্ত হয়ে গেলে সংশ্লিষ্ট ইন্সটিটিউট তা লিখিতভাবে প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট অধিদপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডকে অবহিত করবে;
- ১৩.৯. একবার মাঠ সংযুক্তির স্থান নির্ধারিত হয়ে গেলে তা পরিবর্তন নিরুৎসাহিত করতে হবে। যদি অনাকাঙ্ক্ষিত কোন কারণে কোন শিক্ষার্থীর প্রশিক্ষণস্থান পরিবর্তন করা হয় তবে সংশ্লিষ্ট ইন্সটিটিউটে তা তাত্ক্ষনিকভাবে সংশ্লিষ্ট অধিদপ্তর ও বোর্ডের কারিকুলাম বিভাগকে অবহিত করবে;
- ১৩.১০. কার্যকর মাঠ সংযুক্তি প্রশিক্ষণ নিশ্চিত করার জন্য কোন প্রতিষ্ঠানে সর্বনিম্ন ৫ জন এবং সর্বোচ্চ ২৫ জন সংযুক্তি প্রদানের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে এবং
- ১৩.১১. কোন প্রযুক্তি যথাযথভাবে শেখানোর প্রয়োজনে একাডেমিক ক্যালেন্ডার ও পর্বসমাপনী পরীক্ষার সাথে সমন্বয় সাপেক্ষে মাঠে ও প্রতিষ্ঠানে সংযুক্তির সময়সূচি সমন্বয় করা যাবে।



## ১৪. মাঠ সংযুক্তির কাঠামো ও বিষয়বস্তু (Structure and Contents)

১৪.১. মাঠ সংযুক্তির কাঠামো ও বিষয়বস্তু বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত হবে। এতে বিশেষজ্ঞগণের অংশগ্রহণ ও ১ম-৭ম পর্ব পর্যন্ত পঠিত বিষয়বস্তুর প্রতিফলন থাকবে।

১৪.২. স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে যে ৪ সপ্তাহ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে তার কাঠামো ও বিষয়বস্তু ইনস্টিটিউটে বিদ্যমান সুবিধাদির উপর ভিত্তি করে সংশ্লিষ্ট কোর্স সমন্বয়ক নির্ধারণ করবেন। এক্ষেত্রে নিম্নবর্ণিত ক্ষেত্রগুলো বিবেচনা করা যেতে পারে-

- শিক্ষার্থীদের চাহিদা অনুযায়ী কারিকুলাম সংশ্লিষ্ট পেশাভিত্তিক প্রশিক্ষণ
- সংশ্লিষ্ট সেক্টরের চাহিদা
- সংশ্লিষ্ট সেক্টরের পণ্য ও সেবাসমূহ
- সংশ্লিষ্ট সেক্টরের সমস্যাসমূহ ও গৃহিত উদ্যোগসমূহ
- বাণিজ্যিকিকরণ
- উদ্যোক্তা উন্নয়ন
- খাদ্য নিরাপত্তা
- উৎপাদন ব্যবস্থাপনা
- সংরক্ষণ ব্যবস্থাপনা
- বাজারজাতকরণ
- মূল্য সংযোজন (Value Addition)
- জনস্বাস্থ্যবান্ধবতা
- নিরাপদ খাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ, পরিবহন ও বাজারজাতকরণ
- পরিবেশগত উন্নয়ন, ইত্যাদি।

## ১৫. শিক্ষার্থী মূল্যায়ন (Student Assessment)

১৫.১. শিক্ষার্থীগণ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত ও অনুমোদিত ফরমেটে তাদের দৈনন্দিন কাজের রেকর্ড লিখিতভাবে রাখবে ও প্রতিবেদন দাখিল করবে;

১৫.২. প্রতিবেদনে শিক্ষার্থী নিজে ও মাঠ সংযুক্তি প্রশিক্ষণে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/শিক্ষক স্বাক্ষর করবেন;

১৫.৩. মাঠ সংযুক্তিকৃত প্রতিষ্ঠান কর্তৃক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ১২ সপ্তাহের মাঠ সংযুক্তি প্রশিক্ষণ শেষে শিক্ষার্থীদের নিকট থেকে ২ সেট প্রতিবেদন জমা নিবেন এবং যৌথভাবে মূল্যায়ন করবেন;

১৫.৪. নির্ধারিত নম্বরের মধ্যে শিক্ষার্থীদের হাজিরা, দৈনন্দিন কাজ, দৈনন্দিন কাজ এর রেকর্ড, প্রতিবেদন এবং ফলাফল সীলসহ সিলগালা প্যাকেটে মূল্যায়ন কমিটির স্বাক্ষরসহ সংশ্লিষ্ট ইনস্টিটিউটের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের নিকট হস্তান্তর করবেন;

১৫.৫. মাঠ সংযুক্তি প্রশিক্ষণের জন্য নির্ধারিত ১২ সপ্তাহ শেষ করে শিক্ষার্থীগণ স্ব-স্ব ইনস্টিটিউটে ফিরে আসবে এবং বোর্ড কর্তৃক চূড়ান্ত মূল্যায়নের জন্য প্রতিজন শিক্ষার্থী নির্ধারিত ফি দিয়ে

ফর্মফিলাপ করবে। এ বিষয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ বিজ্ঞপ্তি জারি করবে;

১৫.৬. শিক্ষাপ্রতিষ্ঠান ৪ কার্যসপ্তাহের জন্য প্রতিজন শিক্ষার্থীকে একটি প্রজেক্ট নির্ধারণ করে দিবে এবং শিক্ষার্থী প্রজেক্ট সম্পন্ন করে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের নিকট জমা দিবে;

১৫.৭. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সকল ইনস্টিটিউটে শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রকাশ করবে এবং উক্ত পরীক্ষায় ইনস্টিটিউট থেকে অভ্যন্তরীণ ও বোর্ড হতে অনাভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগ করবে;

১৫.৮. নির্ধারিত তারিখে সকল ইনস্টিটিউটে মূল্যায়ন অনুষ্ঠিত হবে। মূল্যায়ন শেষে পরীক্ষকগণ নির্ধারিত নম্বরের মধ্যে ফলাফল তৈরি করবেন।

### ১৬. মনিটরিং (Monitoring)

মাঠ সংযুক্তি প্রশিক্ষণ কার্যক্রম ঠিকভাবে চলছে কিনা তা মনিটরিং করার জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রোগ্রাম ইমপেকশন উইং (PIW)/ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর কারিকুলাম বিভাগ কর্তৃক নিযুক্ত প্রতিনিধি পরিদর্শন করবেন। পরিদর্শন শেষে মাঠ সংযুক্তি প্রশিক্ষণ কার্যক্রম এবং শিক্ষার্থীদের পারফরমেন্স সম্পর্কে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবরে লিখিত প্রতিবেদন দাখিল করবেন।

১৬.১. মাঠ সংযুক্তিকৃত প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বা তার প্রতিনিধি মাঠ সংযুক্তি প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করবেন এবং প্রতিবেদনে মতামত লিপিবদ্ধ করে স্বাক্ষর করবেন;

১৬.২. ইনস্টিটিউটে ৪ সপ্তাহ প্রশিক্ষণের সময় ইনস্টিটিউট প্রধান এবং কোর্স-সমন্বয়ক প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করবেন;

১৬.৩. বোর্ড মাঠ সংযুক্তিতে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের কার্যক্রমের উপর নিয়মিত প্রতিবেদন তৈরি করবেন।

### ১৭. আর্থিক সংশ্লেষ (Monetary Involvement)

১৭.১. মাঠ সংযুক্তিতে ১২ সপ্তাহ মাঠ সংযুক্তি প্রশিক্ষণ জন্য নিম্নবর্ণিত হারে অথবা প্রশাসনিক মন্ত্রণালয়/ অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হারে অর্থ বরাদ্দ থাকতে পারে-

১৭.১.১. প্রতি শিক্ষার্থী ১২ সপ্তাহ মাঠ সংযুক্তি প্রশিক্ষণ ভাতা বাবদ ন্যূনতম: ১২,০০০/-

১৭.১.২. সংযুক্তিকৃত প্রতিষ্ঠানে ১২ সপ্তাহ প্রশিক্ষণে প্রতি শিক্ষার্থীর জন্য মাঠ সংযুক্তি প্রশিক্ষণ তদারকির জন্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগকৃত শিক্ষকের সম্মানী বাবদ: ৩০০/-

১৭.১.৩. সংযুক্তিকৃত প্রতিষ্ঠানে ১২ সপ্তাহ প্রশিক্ষণের জন্য শিক্ষার্থী প্রতি প্রশিক্ষণ উপকরণ বাবদ ১০০/-

১৭.১.৪. সংযুক্তিকৃত প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগকৃত তদারকি প্রশিক্ষকের সম্মানী বাবদ: ৪০০/-

১৭.১.৫. ইনস্টিটিউট প্রধান/উপাধ্যক্ষ/বিভাগীয় প্রধান/অফিস ও অন্যান্য সংশ্লিষ্ট সাপোর্টিং স্টাফ ১২ সপ্তাহ প্রশিক্ষণের জন্য শিক্ষার্থী প্রতি সম্মানী বাবদ: ২০০/-

১৭.২ আদায়কৃত মাঠ সংযুক্তি ফি থেকে ইনস্টিটিউট কর্তৃক নিযুক্ত প্রশিক্ষকের ভ্রমণ ভাতা, এটাচমেন্ট তদারকি ভাতা এবং ইনস্টিটিউটের ৪ কার্যসপ্তাহ প্রশিক্ষণের ব্যয়ভার বহন করতে পারবে।

১৭.৩ ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ শিক্ষাক্রম পরিচালনাকারী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মাঠ সংযুক্তি কার্যক্রম নিজস্ব অর্থায়নে সম্পন্ন হবে। এ ব্যাপারে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় মাঠ সংযুক্তি কর্মসূচি বাস্তবায়ন করবে। তবে বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঠ সংযুক্তি সম্পন্ন করার জন্য সরকারি অর্থায়নের ব্যবস্থা করা প্রয়োজন। বরাদ্দ পাওয়া সাপেক্ষে ১৭.১ অনুযায়ী বন্টন করতে হবে।

## **১৮. সংরক্ষণ (preservation)**

১৮.১ মাঠ সংযুক্তি প্রশিক্ষণ (Field attachment Training) বিষয়ক যে কোন সিদ্ধান্ত গ্রহণের অধিকার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সংরক্ষণ করে।

১৮.২ এ নির্দেশনার সংযোজন/বিয়োজন/পরিমার্জন এবং ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সংরক্ষণ করে।

-০-